

'WEST BENGAL COLLEGE & UNIVERSITY TEACHERS' ASSOCIATION

(REGISTERED UNDER ACT XXI 1960)

89, MAHATMA GANDHI ROAD, KOLKATA-700 007

Telefax : 2241-2060/2219-8930, E-mail: wbcuta@yahoo.in

www.wbcuta.org

রেফারেন্স নং ০১/০৭/উপাচার্য/২০২৩

তারিখ : ০৭.০৭.২৩

প্রতি,

মাননীয় উপাচার্য,

কল্যাণী বিশ্ববিদ্যালয়

বিষয়: ১৩ ও ১৪ ই জুনের ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবী।

মহাশয়,

আপনি কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার নিয়ে কাজ শুরু করেছেন, প্রথমেই আপনাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানাই।

গত ১৩ ই ও ১৪ ই জুন ২০২৩ আপনার বিশ্ববিদ্যালয়ে অবস্থিত কল্যাণী বিশ্ববিদ্যালয় কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটির নির্বাচনে নমিনেশন তোলা নিয়ে বিশ্ববিদ্যালয়ের চত্বরে বহিরাগতদের দিয়ে যে ভয়ানক সন্ত্রাস সংঘটিত হ'লো এবং শিক্ষক ও শিক্ষাকর্মীদের নির্মমভাবে মারধোর করা হল তাতে আমরা স্তম্ভিত এবং উদ্ভিন্ন। বর্তমান সময়কালে পঞ্চগোয়েত নির্বাচনে যে সন্ত্রাস চলেছে বিশ্ববিদ্যালয়ের সেদিনের ঘটনায় তারই আর এক কদর্য রূপ প্রত্যক্ষ করলাম আমরা। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের প্রত্যেকটি স্তরে নির্বাচনের আগে বারংবার চিঠি দিয়ে বিভিন্ন সংগঠন এই আশঙ্কার কথা জানিয়েছিল, কিন্তু তা' সত্ত্বেও প্রশাসনের সামনেই বহিরাগত সমাজবিরোধীরা একটি বিশেষ রাজনৈতিক দলের ব্যানার ফেস্টুন লাগিয়ে গণতান্ত্রিক প্রক্রিয়ার উপর বেলাগাম আক্রমণ নামিয়ে আনল। সেই আক্রমণ থেকে বয়স্ক মহিলা শিক্ষাকর্মী, শিক্ষক কেউ বাদ গেলেন না। অসহায় ভাবে সকলে দেখলেন যে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন আক্রান্ত-দের রক্ষা না করে, তাদের নিরাপত্তার দায়িত্ব পালন না করে, প্রহৃত এবং আক্রান্তদের পাশে না দাঁড়িয়ে, নির্লজ্জভাবে ওই লাগামহীন গুন্ডামী-কে প্রশ্রয় দিলেন এবং সমাজবিরোধীদের নেতৃত্বের পক্ষে দাঁড়ালেন। তদুপরি যারা প্রহৃত হলেন তাদেরই জেলে ঢুকিয়ে দেওয়া এবং চাকরি খেয়ে নেওয়ার হুমকি দেওয়া হল। এই ঘটনায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের রাজনৈতিক রূপ কদর্য ভাবে প্রকাশ পেল। ফলতঃ উপরোক্ত দিন দুটিতে অল্পসহ বহিরাগত দুষ্কৃতির বিশ্ববিদ্যালয় চত্বরে দাপিয়ে বেড়ালো, সেই বাহিনী বিশ্ববিদ্যালয়ের সিকিউরিটি নিজেদের হাতে তুলে নিয়ে কোঅপারেটিভের অফিসে তালা লাগিয়ে দিলো, কোঅপারেটিভের গণতান্ত্রিক শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মী সদস্যদের নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য নমিনেশন ফর্মই তুলতে দেওয়া হলো না। অত্যন্ত পরিতাপের বিষয় যে, এই পরিস্থিতির পর যখন শিক্ষকরা প্রতিবাদ করতে ১৫-ই

WEST BENGAL COLLEGE & UNIVERSITY TEACHERS' ASSOCIATION

(REGISTERED UNDER ACT XXI 1960)

89, MAHATMA GANDHI ROAD, KOLKATA-700 007

Telefax : 2241-2060/2219-8930, E-mail: wbcuta@yahoo.in

www.wbcuta.org

- 2 -

জুন প্রশাসনিক ভবনে এলেন তখন ওই বহিরাগত গুন্ডাবাহিনীর মূল পাল্লা এসে তাদের চাকরি খেয়ে নেওয়ার হুমকি দিলেন। আপনাকে সবিনয়ে জানাচ্ছি ঐদিনের ঘটনায় প্রকৃতদের অনেকেই কৃতি অধ্যাপক ও গবেষক এবং তাদের মধ্যে একজন আমাদের সংগঠনের বিজ্ঞান ও টেকনোলজি শাখার আহ্বায়ক। তাদের মর্যাদাহানী গোটা দেশের কাছে রাজ্যের মাথা হেঁট করে দিয়েছে।

এমতাবস্থায় আপনার কাছে অনুরোধ আপনি অবিলম্বে এই বিষয়ে নিরপেক্ষ ভাবে অনুসন্ধান করুন, এবং দোষী ব্যক্তিদের শাস্তির ব্যবস্থা করুন। বিশ্ববিদ্যালয় চত্বরে বহিরাগত ব্যক্তিদের অযথা অনুপ্রবেশ না ঘটে তা সুনিশ্চিত করুন। বিশ্ববিদ্যালয় চত্বরে যে চাপা ভীতির পরিবেশ কাজ করছে, সেটা দূর করে, গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনার উদ্যোগ নিন।

আপনার হাত ধরে বিশ্ববিদ্যালয়ে শান্তি, শৃঙ্খলা ফিরে আসুক এই কামনা করি।

ধন্যবাদ সহ,



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪